গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd.

নম্বর: ৫৭.০৩.০০০০.০০১.১৮.২৯০.১৬-১১৭৪

তারিখ: ০১/১২/২০২৪ খ্রি.

**"বিজ্ঞপ্তি"**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মকর্তা, কর্মচারীগণ বদলি সংক্রান্ত বিষয়ে তদবিরসহ মহাপরিচালক মহোদয়ের সাথে সাক্ষাতের জন্য অনাকাঙ্খিতভাবে অধিদপ্তরে যাতায়াত করেন। যা "সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯" এর বিধি ২০ এর পরিপন্থী। যার ফলশ্রুতিতে প্রাতিষ্ঠানিক শিক্ষা কার্যক্রম বিঘ্নসহ অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রম ব্যাহত হচ্ছে।

২। এমতাবস্থায়, অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মকর্তা, কর্মচারীগণকে আগামী ০৫/১২/২০২৪খ্রি. তারিখ বৃহস্পতিবার হতে স্ব-স্ব প্রতিষ্ঠান কর্তৃপক্ষের মাধ্যমে অনলাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। উল্লেখ্য, অনলাইনে আবেদনের জন্য সংযুক্ত পৃষ্ঠায় বর্ণিত ব্যবহার নির্দেশিকার ধাপসমূহ অনুসরণ করতে হবে।

৩। বিষয়টি অতীব জরুরী।

০১/১২/২৪
(প্রকৌ. মোঃ জয়নাল আবেদীন)
পরিচালক (প্রশাসন)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয় (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা।
৪। অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ, সিলেট/ময়মনসিংহ/ফরিদপুর/বরিশাল।
৫। অধ্যক্ষ, ভিটিটিআই, বগুড়া।
৬। অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল)।
৭। অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।
৮। ইকুইপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর নারায়নগঞ্জ।
৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১২। সংরক্ষণ নথি।

DTE/Salma/Genral section/E/Notice doucument